নিউ ইয়র্কে জায়েদ খানের নতুন যাত্রা

written by Chandradip News24 | December 10, 2024

চিত্রনায়ক জায়েদ খান বর্তমানে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে অবস্থান করছেন। সেখান থেকে কানাডা, অস্ট্রেলিয়া এবং দুবাইসহ বিভিন্ন দেশে শোতে পারফর্ম করছেন তিনি। তার শোয়ের ছবি ও ভিডিও নিয়মিত সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করে ভক্তদের সঙ্গে যোগাযোগ রাখছেন।

সম্প্রতি একটি ভিডিওর ক্যাপশনে জায়েদ খান লেখেন, “ডিগবাজি থেকে নিউ ইয়র্ক সিটিতে। ঠিকানায় সবার সাথে দেখা হবে, আগে কখনো দেখা হয়নি এমন শোতে। জায়েদ খান ২ .০, বেবি !”

নিউ ইয়র্ক থেকে প্রকাশিত বাংলা সংবাদপত্র ঠিকানা -এর উদ্যোগে একটি টক শো ’র উপস্থাপক হিসেবে আত্মপ্রকাশ করতে যাচ্ছেন জায়েদ খান। সেলিব্রেটিদের নিয়ে এই টক শো প্রচারিত হবে খুব শিগগির। এই অভিজ্ঞতাকে নিজের জন্য বিশেষ কিছু বলে মনে করছেন জায়েদ খান।

তিনি বলেন, “প্রথম কোনো কিছু সব সময়ই স্পেশাল। প্রথমবার দর্শক আমাকে উপস্থাপক হিসেবে দেখবেন। আমি এক্সাইটেড এবং নার্ভাস। দেশের চলচ্চিত্র ও সংস্কৃতি তুলে ধরব অনুষ্ঠানটির মাধ্যমে।”

তিনি আরও যোগ করেন, “বিদেশের মাটিতে ঠিকানা পত্রিকা দেশের জন্য এবং বাংলা ভাষাভাষীদের জন্য কাজ করে যাচ্ছে। তারা আমাকে এমন একটি আয়োজনে যুক্ত করায় আমি কৃতজ্ঞ।”

‘ভাইরাল বয়’ হিসেবে পরিচিত জায়েদ খান তার নানা কর্মকাণ্ডের জন্য আলোচনায় থাকেন। দেশের রাজনৈতিক পরিস্থিতি বা সমালোচনা তার কাজকে থামাতে পারেনি। শো এবং অ্যাওয়ার্ড প্রোগ্রামে তাকে নিয়মিত দেখা যাচ্ছে।

জায়েদ খানের সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা ছিল ‘সোনার চর’, যা চলতি বছরের শুরুতে মুক্তি পায়। জাহিদ হোসেন পরিচালিত এই সিনেমায় তার সঙ্গে অভিনয় করেন মৌসুমী, ওমর সানী, শহীদুজ্জামান সেলিম, শবনম পারভীন, পাপিয়া মাহি প্রমুখ।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম